



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2021

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্কের পেশাদার ফুটবল দলগুলোর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে  
#ভ্যাক্সএন্ডউইন ফুটবল সুইপস্টেকস তৃতীয় রাউন্ডের বিজয়ীদের নাম ঘোষণা  
করেছেন গভর্নর হোকল

পুরস্কারের মধ্যে গেমের টিকেট, গেমের মধ্যে বিশেষ অভিজ্ঞতা, স্বাক্ষরযুক্ত গিয়ার  
এবং বাফেলো বিলস (Buffalo Bills), নিউ ইয়র্ক জায়ান্টস (New York Giants), ও নিউ  
ইয়র্ক জেটস (New York Jets) এর কাছ থেকে  
আরো অনেক কিছু অন্তর্ভুক্ত রয়েছে

বাফেলো বিলসের ক্রস স্থিথকে নিয়ে তৈরি করা টিকার প্রতি উৎসাহিত করার ভিডিও  
[এখানে](#) পাওয়া যাবে এবং নিউ ইয়র্ক জায়ান্টসের কার্ল ব্যাংককে নিয়ে তৈরি করা  
ভিডিও [এখানে](#) পাওয়া যাবে

9 সেপ্টেম্বর থেকে 24 অক্টোবরের মধ্যে কোভিড-19 টিকার প্রথম ডোজ গ্রহণ  
করেছেন এমন সব নিউ ইয়র্কবাসী যোগ্য বিবেচিত হবেন; 12-17 বছর বয়সী নিউ  
ইয়র্কবাসীদের সাথে বাবা-মা ও অভিভাবক প্রবেশ করতে পারবেন

আরো দু'টি ড্র সম্পন্ন করা হবে যেগুলোর নির্ধারিত সময়সূচি [এখানে](#) পাওয়া যাবে;  
যোগ্য নিউ ইয়র্কবাসীরা সুইপস্টেকসে প্রবেশ করতে পারবেন [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজ [নিউ ইয়র্ক স্টেটের #ভ্যাক্সএন্ডউইন ফুটবল সুইপস্টেকস](#) - টিকা  
গ্রহণ না করা নিউ ইয়র্কবাসীদের টিকা গ্রহণে উৎসাহিত করার জন্য নিউ ইয়র্কের পেশাদার  
ফুটবল দলগুলোর সাথে অংশীদার হয়ে নকশাকৃত একটি প্রণোদনা কর্মসূচির তৃতীয়-রাউন্ডের  
বিজয়ীদের নাম ঘোষণা করেছেন। বিজয়ীদের জন্য থাকা [পুরস্কারগুলোর](#) মধ্যে [রয়েছে](#) গেমের  
টিকেট, গেমের মধ্যে বিশেষ অভিজ্ঞতা, স্টেডিয়াম ট্যুর, স্বাক্ষরযুক্ত গিয়ার, অ্যালামনাই  
খেলোয়াড়দের সাথে ফেসটাইম (FaceTime) কল, এবং বাফেলো বিলস, নিউ ইয়র্ক জায়ান্টস, ও  
নিউ ইয়র্ক জেটস এর কাছ থেকে আরো অনেক কিছু। নিউ ইয়র্ক স্টেট দৈবচয়নভিত্তিতে ড্র  
করার ব্যবস্থা করেছে এবং মোট পাঁচ সপ্তাহ সময়ব্যাপী প্রতি সপ্তাহে নতুন বিজয়ী নির্বাচন করা  
হবে। এসপ্তাহের পরে আরো দুইবার ড্র করা বাকি আছে। 9 সেপ্টেম্বর, 2021 থেকে 24  
অক্টোবর, 2021 তারিখের মধ্যে কোভিড-19 টিকার প্রথম ডোজ গ্রহণ করেছেন এমন সব নিউ  
ইয়র্কবাসী যোগ্য বিবেচিত হবেন। 12-17 বছর বয়সী স্কুলে যাওয়ার বয়সের নিউ ইয়র্কবাসীদের  
সাথে বাবা-মা ও অভিভাবক প্রবেশ করতে পারবেন [এখানে](#)।

এসব প্রচেষ্টার অংশ হিসেবে স্টেট প্রতিটি দলের সাথে মিলে একটি একীভূত মিডিয়া ক্যাম্পেইনও চালু করেছে, যার মধ্যে নিজেরা কোভিড-19 এর টিকা গ্রহণ করেছেন এমন অ্যালামনাই খেলোয়াড়দের নিয়ে টিকা গ্রহণে উৎসাহ প্রদানমূলক ভিডিও অন্তর্ভুক্ত রয়েছে। প্রথম দুইটি ভিডিও—বাফেলো বিলস এর হল অব ফেম ডিফেন্সিভ এন্ড, ব্রুস স্মিথ এবং নিউ ইয়র্ক জায়ান্টসের দুইবারের সুপারবোল চ্যাম্পিয়ন, কার্ল ব্যাংককে নিয়ে বানানো ভিডিও—সব নিউ ইয়র্কবাসীদের দেখার সুযোগ দেয়ার জন্য যথাক্রমে [এখানে](#) ও [এখানে](#) পাওয়া যাবে।

"আমাদের #ভ্যাক্সএন্ডউইন ফুটবল সুইপস্টেকস টিকা গ্রহণের জন্য এগিয়ে আসা নিউ ইয়র্কবাসীদেরকে উদযাপন করছে," বলেছেন গভর্নর হোকল। "নিউ ইয়র্কের সব পেশাদার ফুটবল দলের সাথে অংশীদার হয়ে, আমাদের নতুন টিকা গ্রহণের উৎসাহ প্রদানের ভিডিওগুলো নতুন উপায়ে সব বয়সের নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছে যাবে - যেখানে নিউ ইয়র্কবাসীরা শ্রদ্ধা করেন ও আস্থা রাখেন এমন বার্তাপ্রদানকারীদের কাজে লাগানো হবে। আমি আমাদের তৃতীয়-রাউন্ডের বিজয়ীদের অভিনন্দন জানাচ্ছি, এবং এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টায় তাদের প্ল্যাটফর্ম ও কণ্ঠস্বর ব্যবহারের সুযোগ দেয়ায় এবং সব উপযুক্ত নিউ ইয়র্কবাসীকে টিকা গ্রহণে উৎসাহী করার জন্য স্টেটের সাথে যোগ দেয়ায় আমি নিউ ইয়র্কের ফুটবল দলগুলোকে ধন্যবাদ জানাচ্ছি।"

তৃতীয়-রাউন্ডের বিজয়ীরা হলেন:

#### **বাফেলো বিলস পুরস্কার:**

অ্যালেক্সান্ডার জেন্টাইল, নায়াগ্রা কাউন্টি  
ড্যারিয়াস ওয়াকার, মনরো কাউন্টি  
শন পোপ, ওয়াইমিং কাউন্টি  
জর্জ কুইরোস, এরি কাউন্টি  
টমাস লুকাস, অন্টারিও কাউন্টি  
জোসেফ গ্রুম, এরি কাউন্টি  
নিকোল ক্যামারাটা, এরি কাউন্টি

#### **নিউ ইয়র্ক জায়ান্টসের পুরস্কার:**

ক্রিস্টিন জিমেনিজ, কুইন্স কাউন্টি

#### **নিউ ইয়র্ক জেটসের পুরস্কার:**

আমাল্ডা পোর্টার, গ্রিন কাউন্টি  
রেমিলেকিন ওলানিপেকুন, কিংস কাউন্টি  
নাস্টাসিয়া টমাস, ব্রংক্স কাউন্টি  
জেমস জারকোন, সাফোক কাউন্টি  
ম্যাকাইলা স্লেন, রেনসেলার কাউন্টি

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) বিজয়ীদের টিকাপ্রাপ্তির অবস্থা যাচাই করেছে।

নিউ ইয়র্কবাসীরা আজই নিকটস্থ কোনো টিকাগ্রহণের লোকেশন খুঁজে নিতে এবং কোভিড-19 এর টিকা গ্রহণ করতে [vaccines.gov](http://vaccines.gov) ওয়েবসাইট ভিজিট করতে পারেন, 438829 নম্বরে তাদের জিপ কোড লিখে মেসেজ পাঠাতে পারেন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন।

নিউ ইয়র্ক স্টেটের #ভ্যাক্সএন্ডউইন ফুটবল সুইপস্টেকস সম্পর্কে আরো তথ্য জানতে, আগ্রহী নিউ ইয়র্কবাসীরা সাইটটি ভিজিট করতে পারেন [এখানে](#) এবং যোগ্য নিউ ইয়র্কবাসীরা সুইপস্টেকসে প্রবেশ করতে পারবেন [এখানে](#)।

কোভিড-19 এর টিকা ও স্কুলগামী-বয়সের শিশুদের সম্পর্কে আরো তথ্য জানতে, নিউ ইয়র্কবাসীরা আমাদের নির্ধারিত ওয়েবসাইটে [ny.gov/vaxtoschool](http://ny.gov/vaxtoschool) ঠিকানায় ভিজিট করতে পারেন অথবা ইনস্টাগ্রামে (Instagram) [@VaccinateNY](#) অনুসরণ করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)